

presented him with an honorary degree he donned himself in his scarlet robes and with child-like glee summoned a number of children to look at him !

Egotism was a thing wholly unknown to him and he was equally devoted to his philosophy and to his friends. His heart was so full of human milk that he could never hurt or injure a fellow human being. It is told that when he was in England last, on one occasion he had trouble with his American correspondence and had to go through some irritating formalities at the post office. One document he absolutely refused to sign, and supported his refusal by expounding the whole philosophy of international relations to the immense astonishment of the officials. At last the lady-clerk said to him, "Well sir, if you do not sign, I shall get into trouble." "My dear young lady," said Royce, "rather than see you in trouble I would sign any and every document which King George might choose to put into my hands. Give me the paper."

Such was the man—was Josiah Royce of whom it might well be said that he had not died even in his death.

বিবেকানন্দ-স্তোত্র ।

অজ্ঞান-পঙ্ক-নিমগ্ন যারামোহাবৃত
মানবেরে যেই বীর করিল জাগ্রত ;
যাহার চরণ-রেণু পাইবার তরে
সুদূর পাশ্চাত্যবাসী আসিছে বেলুড়ে ।
স্মরিয়া "বিবেকানন্দ";—গুরুদত্ত নামে
ভারত-যুবক সেই "নরেন্দ্রে"রে নমে ॥

বাসন্তী চন্দ্রিকাসম যশঃ সুবিমল
ব্যাগু হইয়াছে যার অগংঘণ্ডল ।
'কোটি চন্দ্র/জিনি যার বদনের শোভা
শরীর সুন্দরকান্তি যুনি-যনোলোভা' ।

সুপবিত্র প্রতিচ্ছবি করিলে দর্শন
ঘুচে যায় সব গ্লানি শাস্ত হই যন ।
স্মরিয়া বিবেকানন্দ-মূর্তি মনোরমে
ভারত-যুবক আজ বীরেখরে নমে ॥

বিশাল বারিধি করি' বক্ষ প্রসারিত,
লইতেছে নদনদী ক্ষুদ্র কি মহত ।
ভেমতি যে মহাপ্রাণ বাহু প্রসারিয়া,
তুলিল সকল জনে আদর করিয়া ;
সুপবিত্র শাস্তিধাম রাখি বক্ষ'পরে
মিলনের মহামন্ত্র শিখালেন নরে ।
স্মরিয়া বিবেকানন্দ জগতের গুরু ।
ভারত-যুবক নমে বাহ্যকল্পতরু ॥

ব্রহ্মচর্য্য-সমাধিতে চিত্ত ষাঁর স্থির
দেশ-হিত-ব্রত ষাঁর অনন্ত গভীর ।
জ্ঞানে যিনি অদ্বিতীয়, কর্মে শ্রেষ্ঠ বীর
ভাবেতে বিহ্বল যিনি, যোগে যিনি ধীর ।
“প্রেম প্রেম”, এইমাত্র ষাঁর উচ্চারণ ।
দরিদ্রও ষাঁর কাছে নর-নারায়ণ ।
স্মরিয়া বিবেকানন্দ কর্ম-অবতারে ।
ভারত-যুবক আজ নমস্কার করে ॥

শ্রীগৌরীশঙ্কর বোষ,
প্রথম বার্ষিক শ্রেণী, 'এ' শাখা ।